



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

অত্যাচারীদের উপড়ে ফেলা হবে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

وَلَا تَرْكَبُوا إِلَى الَّذِينَ ظَلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ.
فَقُطِعَ دَابِرُ الْقَوْمِ الَّذِينَ ظَلَمُوا وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ.

“ওয়া লা তারকানু ইলাল্লাযিনা য়ালামু ফাতামাসসাকুমুন নার।” (সুরাহ হুদঃ:১১৩) “যারা অত্যাচার করে তাদের প্রতি ঝুঁকো না। নতুবা আগুন তোমাকেও স্পর্শ করবে।” “ফাকুতি'আ দাবিরুল কাওমাল্লাযিনা য়ালামু, ওয়াল হামদু লিল্লাহি রাব্বিল আলামীন।” (সুরাহ আন'আমঃ:৪৫) “এভাবেই অত্যাচারী সমাজকে উপড়ে ফেলা হয়েছিল। সর্বোচ্চ প্রশংসা আল্লাহর, সৃষ্টি জগতসমূহের পালনকর্তা।”

আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) বলেন যালিমদের সাথে না থাকার জন্য। তোমরা যদি তাদের সাথে থাকো তাহলে তোমরাও তাদের মত জাহান্নামে যাবে। অত্যাচার করা ভালো নয়, তাই অত্যাচারীদের পাশে দাঁড়িও না। যালিমের খারাপ তোমাকেও প্রভাবিত করবে। তার নিজের পরিণতিও ভালো নয়। “যালিমদের উপড়ে ফেলা হবে” বলেন আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা)। তিনি বলেন, “ওয়াল হামদু লিল্লাহি রাব্বিল আলামীন।”

এই দিনগুলোতে পুরো কাফির বিশ্ব প্রকাশ্যে মুসলিমদেরকে এবং ইসলামকে আক্রমণ করছে। যেখানেই কোন মুসলিম আছে সেখানেই তাদের আক্রমণ করা হচ্ছে এবং তাদেরকে সরিয়ে দেয়ার চেষ্টা করা হচ্ছে। যেসব যালিমেরা কাফিরদের এই নিপীড়নে সঙ্গ দিচ্ছে ওরাও তাদেরই মত, বরঞ্চ তারা আরও খারাপ। তারা মানুষকে ধর্মত্যাগ করতে বাধ্য করছে।

এই ইউরোপ, অ্যামেরিকা এবং অন্যান্যরা যারা নিজেদেরকে সত্য ভাবে তারা পুরো পৃথিবীতে নিপীড়ন চালাচ্ছে যেখানেই কোন মুসলিম আছে সেখানে। কিন্তু শেষ সময়ে শুধুমাত্র এই দুটোই থাকবে। ইসলামের মানুষেরা এবং যারা ইসলামের নয় তারা। এই দুইয়ের ভেতরে এক মহাযুদ্ধ হবে কিন্তু অবশেষে ইনশাআল্লাহ্ মাহদী আলাইহি সালাম আত্মপ্রকাশ করবেন এবং এইসব যালিমদের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

করবেন। এবং আখিরাতে তারা জাহান্নামে যাবে অন্যের উপর অত্যাচার করার কারণে।

সাবধান হও, তোমাদের হৃদয় যেন তাদের দিকে ঝুঁকে না পড়ে। তাদের সাহায্যও কোরোনা যেন তুমি নিস্তার পেতে পারো। অত্যাচার এমন একটি জিনিস যা আল্লাহ্ (জাঃজাঃ) পছন্দ করেন না। এটি এমন একটি বৈশিষ্ট্য যা আল্লাহ্ পছন্দ করেন না। যুলুম এমন একটি জিনিস যা শয়তান পছন্দ করে এবং শয়তান মানুষকে তা শেখায়।

আল্লাহ্ (জাঃজাঃ) যেন তাদের অত্যাচার ঘুরিয়ে তাদের উপরই পতিত করেন। তিনি যেন যালিম দিয়ে যালিমের পিঠ ভাঙ্গেন ইনশাআল্লাহ্।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৮ ফেব্রুয়ারি ২০১৬/ ৯ জুমাদ আল-আউয়াল ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।